**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-03-2026**
**Time: 07:35-07:40 PM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## State Level launching program of HPV:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল রাজস্থানের আজমির শহরে জাতীয় স্তরে এইচ.পি.ভি টিকাকরণ অভিযানের উদ্বোধন করেন। প্রতিরোধমূলক স্বাস্থ্য-পরিষেবা শক্তিশালীকরণ এবং নারীদের কল্যাণে অগ্রগতির লক্ষ্যে একটি বড় পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী ১৪ বছর বয়সী মেয়েদের জন্য হিউম্যান প্যাপিলোমাভাইরাস টিকাকরণের উদ্দেশ্যে দেশব্যাপী একটি প্রচার অভিযান শুরু করেছেন। এই উদ্যোগের লক্ষ্য জরায়ু মুখের ক্যান্সার প্রতিরোধ করা।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার সর্বদা নারীদের ক্ষুদ্রতম সমস্যার সমাধানকেও অগ্রাধিকার দিয়েছে।তিনি বলেন, এইচপিভি টিকাকরণ অভিযান দেশের নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

এদিকে, সাংসদ রাজীব ভট্টাচার্য আগরতলার আই.জি.এম হাসপাতালে রাজ্যভিত্তিক এইচপিভি টিকাকরণ অভিযানের সূচনা করেন।আগামী ৩ মাস এই অভিযান চলবে। এই বিষয়ে তিনি বলেন, এই রোগের প্রধান কারণ হলো হিউম্যান প্যাপিলোমা ভাইরাস সংক্রমণ। যাদের ১৪ বছর বা তার বেশি বয়স কিন্তু ১৫ বছর পূর্ণ হয়নি সেই সমস্ত কিশোরীদের এই টিকা দেওয়া হবে।এই অভিযানে রাজ্যে প্রায় ১৭ হাজার ৫০০ জন কিশোরীকে টিকা দেওয়া হবে। আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এন্ড জি বি হাসপাতাল, আই জি এম হাসপাতাল, ত্রিপুরা মেডিক্যাল কলেজ হাসপাতাল সহ সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সামাজিক

স্বাস্থ্যকেন্দ্র, মহকুমা স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতালগুলিতে এই টিকা প্রদান করা হবে।

*****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল গুজরাটের সানন্দে মাইক্রোন সেমিকন্ডাক্টর টেকনোলজি ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি, টেস্ট ও প্যাকেজিং সুবিধার উদ্বোধন করেন। এই উদ্বোধন ভারতের সেমিকন্ডাক্টর উৎপাদন যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক|

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ভারতে আয়োজিত ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট বিশ্বকে তার এআই ক্ষমতার সাথে পরিচয় করিয়ে দিয়েছে।

তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ ো বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের ইলেকট্রনিক্স উৎপাদন ছয় গুণ বৃদ্ধি পেয়েছে, যেখানে ইলেকট্রনিক্স রপ্তানি ৮ গুণ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, মোবাইল ফোন এখন দেশের শীর্ষ রপ্তানি পণ্যের মধ্যে অন্যতম।

*****************************

**Jacksion Gate Mayor:**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, শহরে বেআইনিভাবে দখলকারী ব্যবসায়ীদের স্ব-উদ্যোগে উঠে যাওয়ার আবেদন জানিয়েছেন। গতকাল জ্যাকসন গেট সংলগ্ন এলাকা পরিদর্শনে এসে এলাকার ব্যবসায়ীদের নিগমের কাজে সহযোগিতা করার আহ্বান জানান তিনি। স্ট্রিট ভেন্ডারদের উদ্দেশ্যে তিনি বলেন রাত এগারোটার পর রাস্তায় তাদের দোকান থাকলে তাদের সরিয়ে দেওয়া হবে।

*****************************

## Foreign Minister:

উপসাগরীয় এলাকায়  বাড়তে থাকা উত্তেজনকর পরিস্থিতির মাঝে  গতকাল বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর কয়েকটি গালফভুক্ত দেশের পররাষ্ট্রে বিষয়ক মন্ত্রীদের সঙ্গে কথা বলেছেন। কূটনীতি ও নিয়মিত আলোচনার মধ্যে দিয়ে উত্তেজনা হ্রাসে জরুরী প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেন ডঃ এস জয়শংকর। বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর সংযুক্ত আরব আমিরশাহীর বিদেশ মন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল-নাহিয়ানের সঙ্গে গালফের সর্বশেষ  পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। একটি সামাজিক যোগাযোগ মাধ্যমে, ডঃ জয়শঙ্কর বলেন ভারত বাড়তে থাকা পরিস্থিতি নিয়ে যথেষ্ট উদ্বিগ্ন। তিনি ভারতীয় সম্প্রদায়ভুক্তদের নিরাপত্তায় আমিরশাহীর প্রতিশ্রুতিকে প্রশংসা করেছেন। ডঃ জয়শঙ্কর বলেন, তিনি সৌদি আরবের বিদেশ মন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহানের সঙ্গেও আলোচনা করেছেন।

এদিকে, অসামরিক বিমান মন্ত্রক থেকে জানানো হয়েছে, ইরান ও ইজরায়েলের মধ্যে বাড়তে থাকা উত্তেজনাকর পরিস্থিতির পরিপ্রেক্ষিতে গতকাল মধ্য প্রাচ্যে দেশগুলিতে চলাচলকারী ৪১০ টি বিমান বাতিল করা হয়েছে| আজ ৪৪৪ টি বিমান বাতিল হতে পারে বলে জানানো হয়|

*****************************

## Tribal Fastival:

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম গতকাল ঘোষণা করেছেন, আগামীকাল ২রা মার্চ থেকে ২৪শে মার্চ পর্যন্ত দেশজুড়ে আদিবাসী সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপন করা হবে| নয়াদিল্লিতে সংবাদমাধ্যমকে তিনি জানান, জনজাতি বিষয়ক মন্ত্রকের উদ্যোগে আদিবাসী সম্প্রদায়ের সমৃদ্ধ

সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনে থাকবে জনজাতি ভিত্তিক শিল্প মেলা জনজাতি সঙ্গীত উৎসব এবং আরও অন্যান্য কর্মসূচি|

এই সমস্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা তাদের শিল্পকর্ম, সঙ্গীত, সংস্কৃতি এবং চিত্রকলা দেশব্যাপী দর্শকদের সামনে উপস্থাপনের সুযোগ পাবেন। তিনি বলেন, সারা দেশ থেকে প্রায় এক হাজার অংশগ্রহণকারী এই কর্মসূচিতে যোগ দেবেন|

*****************************

**CFL Ratanlal Nath:**

কৃষিমন্ত্রী রতন লাল বলেছেন, রাজ্য সরকার ফুল উৎপাদন বৃদ্ধিতে বিশেষ পদক্ষেপ নিয়েছে। গতকাল গোমতি জেলার উদয়পুরের গোকুলপুরে কেন্দ্রীয় ফ্লোরিকালচার এবং ল্যান্ডস্কেপিং কেন্দ্র উদ্বোধন করে তিনি একথা বলেন|

*****************************

**Retirement of Chandan Lekha Paul:**

চাকরি থেকে অবসর নিলেন আগরতলা আকাশবাণী কেন্দ্রের বাংলা সংবাদ পাঠিকা ও অনুবাদিকা শ্রীমতি চন্দনলেখা পাল। শ্রীমতি পাল আকাশবাণী আগরতলার প্রথম নিয়মিত সংবাদ পাঠিকা। তিনি ১৯৯৪ সালে আকাশবানী আগরতলায় এই দায়িত্বে যোগ দিয়েছিলেন। আকাশবাণী আগরতলা কেন্দ্রের কনফারেন্স হলে গতকাল এক অনুষ্ঠানে তাকে বিদায় সংবর্ধনা জানানো হয়।

*****************************

**ICC Cricket:**

ICC বিশ্বকাপ T-20 ক্রিকেট সুপার আটের গুরুত্বপূর্ণ ম্যাচে এক কলকাতার ইডেন গার্ডেনে ভারত ও ওয়েস্টইন্ডিস মুখোমুখি হবে| ম্যাচ শুরু হবে সন্ধ্যে ৭টায়| দিনের অপর ম্যাচে জিমাবুয়ে দখিন আফ্রিকার মোকাবেলা করবে|

*****************************

**Arshia Das:**

মহিলা আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাসকে সংবর্ধনা দেওয়া হয়।গতকাল আগরতলা বিমানবন্দরের রাজ্য দাবা সংস্থার পক্ষ থেকে তাকে সংবর্ধনা জানানো হয়। সংস্থার সচিব মিঠু দেবনাথ, কার্যকরী সভাপতি প্রশান্ত কুন্ডু প্রমুখ তাকে সংবর্ধনা জানান। সার্বিয়ার মহিলা আন্তর্জাতিক মাস্টার নর্ম পেয়ে গতকাল রাজ্যে ফিরে এসেছে অর্শিয়া দাস।

*****************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৩ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************